গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদর, নোয়াখালী
www.dss.sadar.noakhali.gov.bd

নম্বরঃ ৪১.০১.৭৫৮৭.০০০.০০০.০৬.০০১.২৬. ২১৫ তারিখঃ ০৬-শ্রাবণ-১৪৩৩ বঙ্গাব্দ
২১-জুলাই-২০২৬ খ্রিস্টাব্দ

**ফ্যামিলি কার্ড সংক্রান্ত সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারসমূহকে সামাজিক সুরক্ষার আওতায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে 'ফ্যামিলি কার্ড' কর্মসূচি বাস্তবায়ন করছে। এ কর্মসূচির আওতায় অত্র উপজেলার ১৩ (তেরো)টি ইউনিয়নের সকল ওয়ার্ডে আগামী ০১ আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত পরিবার জরিপ বা তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে।

০২। শুমারি কার্যক্রম পরিচালনার জন্য নিয়োজিত তথ্য সংগ্রহকারী (Enumerator) ও সুপারভাইজারগণ নির্ধারিত সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডে বাড়ি বাড়ি গিয়ে সরেজমিনে তথ্য সংগ্রহ করবেন। এ সময় সকলকে সঠিক তথ্য প্রদানপূর্বক শুমারি কার্যক্রমে সর্বাত্মক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

০৩। 'ফ্যামিলি কার্ড' কর্মসূচির আওতায় তথ্য সংগ্রহ, যাচাই-বাছাই এবং ফ্যামিলি কার্ড প্রদান সম্পূর্ণ বিনামূল্যে সম্পন্ন হবে। এ সেবা গ্রহণের জন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোনো প্রকার ফি, অর্থ বা আর্থিক সুবিধা প্রদান করার প্রয়োজন নেই। কোনো ব্যক্তি বা সংঘবদ্ধ প্রতারক চক্র অর্থের বিনিময়ে ফ্যামিলি কার্ড পাইয়ে দেওয়ার আশ্বাস প্রদান করলে বা কোনো ধরনের আর্থিক সুবিধা দাবি করলে তা সম্পূর্ণ মিথ্যা, বেআইনি ও প্রতারণামূলক কর্মকাণ্ড হিসেবে গণ্য হবে।

০৪। এমতাবস্থায়, সকল নাগরিককে এ ধরনের প্রলোভন ও অনৈতিক লেনদেন থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। একই সঙ্গে, এ ধরনের প্রতারণার চেষ্টা বা অভিযোগ সম্পর্কে অবহিত হলে তাৎক্ষণিকভাবে উপজেলা প্রশাসন, উপজেলা সমাজসেবা অফিস অথবা নিকটস্থ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করার জন্য বিশেষভাবে আহ্বান জানানো হলো।

সকলের আন্তরিক সহযোগিতায় ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ সফল হোক।

২১/০৭/২৬
নেহ্রীন তাবাস্সুম
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড বাস্তবায়ন/ উপকারভোগী নির্বাচনে উপজেলা কমিটি

নম্বরঃ ৪১.০১.৭৫৮৭.০০০.০০০.০৬.০০১.২৬. তারিখঃ ০৬-শ্রাবণ-১৪৩৩ বঙ্গাব্দ
২১-জুলাই-২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. মাননীয় সংসদ সদস্য-২৬৮, নোয়াখালী-০১, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২. কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড কর্মসূচি, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৩.পরিচালক,বিভাগীয়সমাজসেবাকার্যালয়,চট্টগ্রাম
৪. জেলা প্রশাসক, নোয়াখালী
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী

CamScanner

৬. উপজেলা নির্বাহী অফিসার, সদর, নোয়াখালী
৭. অফিসার ইন চার্জ,সুধারাম থানা, সদর, নোয়াখালী (এ সংক্রান্ত অভিযোগ পেলে ত্বরিত আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৮. চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/ইউপি সদস্য............(সকল), সদর, নোয়াখালী (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৯. সভাপতি/সাধারণ সম্পাদক........................ (প্রেস ক্লাব), সদর, নোয়াখালী (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১০. অফিস কপি

২১/০৭/১২

নেহ্রীন তাবাস্সুম
উপজেলা সমাজসেবা অফিসার
সদর, নোয়াখালী

CamScanner